

প্রেস বিজ্ঞপ্তি

শুক্রবার, ২৪/১২/২০১০ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ কার্জন হল প্রাঙ্গণে ২য় ‘Biochemistry Olympiad’ এর আয়োজন করে। এ অলিম্পিয়াডে সারা দেশ থেকে ৫০০ এর অধিক স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। নবম-দশম শ্রেণী / ‘O’ level এবং একাদশ ও দ্বাদশ শ্রেণী / ‘A’ level এর সমতুল্য সিলেবাস অনুযায়ী এক ঘণ্টা ব্যাপী একটি পরীক্ষার মাধ্যমে এ অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি জাতীয় পতাকা উত্তোলন এবং অলিম্পিয়াডের মশাল জ্বালিয়ে উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীব বিজ্ঞান অনুষদের মাননীয় ডীন অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। এই অলিম্পিয়াডে স্কুল ও কলেজ পর্যায়ে সেরা স্কুল এবং রানার্স-আপ হিসেবে S.S.C. / O Level ক্যাটাগরীতে Bangladesh International School ও Sunnydale এবং H.S.C. / A Level ক্যাটাগরীতে Mastermind ও Oxford International School সেরা কলেজ এবং রানার্স-আপ হিসেবে পুরস্কার অর্জন করে।

ব্যক্তিগত পর্যায়ে S.S.C. / O Level ক্যাটাগরীতে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে যথাক্রমে Mohammad Fahim Tajwar (Bangladesh International School), Mahmood Iqbal (Bangladesh International School) ও যৌথভাবে তৃতীয় স্থান অধিকার করে Shaafique Chowdhury (South Breeze School), Saquib Rahman (Sunnydale)।

H.S.C. / A Level ক্যাটাগরীতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে Shayet Hossain Ehsan (Hurdco International School), Hossain Mohammad Jihad (Mastermind), Sadiia Haque (Dhanmondi Tutorial)।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফীন সিদ্দিক ও বিশেষ অতিথি ছিলেন অলিম্পিয়াডের অন্যতম পৃষ্ঠপোষক BRAC ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর সৈয়দ মাহবুবুর রহমান, ICDDR,B এর ড. ফেরদৌসী কাদরী এবং জীব বিজ্ঞান অনুষদের মাননীয় ডীন অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। সমাপনী অনুষ্ঠানে বিজ্ঞান বিষয়ে বিশেষ বক্তব্য রাখেন অধ্যাপক মো. আনোয়ার হোসেন এবং ICDDR,B এর ড. শাহ এম. ফারুক। সমস্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মামুন রশীদ চৌধুরী। অনুষ্ঠানে সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন অলিম্পিয়াড আয়োজক কমিটির সদস্য সচিব শান্তনু সাহা রায়। উল্লেখ্য প্রাণ বিজ্ঞান বিষয়ক বিষয় সমূহে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সচেতনতা ও আগ্রহ বৃদ্ধির লক্ষ্যে এবং ভবিষ্যতে উন্নতমানের গবেষক তৈরীর চেষ্টায় গত বছরও এ ধরনের অলিম্পিয়াডের আয়োজন করা হয়েছিল, যা তরুণ শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আগ্রহের সঞ্চার করেছিল।

অধ্যাপক মামুন রশীদ চৌধুরী

চেয়ারম্যান, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ

আহ্বায়ক, অলিম্পিয়াড আয়োজক কমিটি